উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর আগস্ট ২০২৪ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ মোঃ আশরাফুল হক
উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর
ও প্রশাসক
উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।
তারিখ ঃ ২৮ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ।
সময় ঃ বেলা ১১.৩০ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নীলফামারী সদর, নীলফামারী।
উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।
অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য।

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, নীলফামারী সদর উপস্থিত সকলকে স্বাগত সভার কাজ আরম্ভ করা হয় এবংগত ০৩-০৭-২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয় এবং বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলাধীন ০২টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র এবং ৪৬টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে তৃণমূল পর্যায়ে স্বাস্থ্য সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মাঠ পর্যায়ে জনবল সংকট থাকা সত্ত্বেও ইপিআই এবং স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। উপজেলায় ইপিআই কভারেজ ও সার্ভিল্যান্স সন্তোষজনক। যক্ষা ও কুষ্ঠ রোগী সনাক্ত করার লক্ষ্যে ইউনিয় পর্যায়ে বাড়ী-বাড়ী সার্চিং কার্যক্রম অব্যহত আছে। উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিত ১১টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যে কচুকাটা বানিয়া পাড়া কমিউনিটি ক্লিনিকে ০১টি নরমাল ডেলিভারী হয়েছে এবং কমিউনিটি ক্লিনিকে ANC এবং PNC সহ অন্যান্য প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান এবং উর্ধ্বমুখি রেফারেল কার্যক্রম কার্যক্রম চলমান রয়েছে। | ১। মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠিকে চিকিৎসাসেবা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। প্রান্তিক জনগোষ্ঠিকে নরমাল ডেলিভারীতে উৎসাহ প্রদান করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নীলফামারী সদর। |
| ০২.উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি অফিসার জানান যে, কৃষি সম্পসারণ অধিদপ্তর, নীলফামারী সদরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলতি মৌসুমে রোপা আমন ধানের অর্জন-২৮১০৭ হেঃ। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নীলফামারী সদর, নীলফামারী এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ রোপা আমন ধানের উপরি সার প্রয়োগসহ কৃষক পরামর্শ প্রদান করে যাচ্ছে। বাজারে রাসায়নিক সারসহ অন্যান্য কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক পর্যায়ে রয়েছে। আগস্ট মাসের ইউরিয়া সারের বরাদ্দ ১৪৯০ মেঃ টন, টিএসপি সারের বরাদ্দ ৯২.৪৫মেঃ টন, এমওপি সারের বরাদ্দ ৪৯৫মেঃ টন ও ডিএপি সারের বরাদ্দ ৪৬৪.৪৫মেঃ টন। ২৭/০৮/২০২৪ তারিখ পর্যন্ত ইউরিয়া সারের মজুদ ৬০৯মেঃ টন, টিএসপি সারের মজুদ ৩১মেঃ টন, এমওপি সারের মজুদ ২৬০মেঃ টন ও ডিএপি সারের মজুদ ২৩৭মেঃ টন।<br>চলতি মৌসুমে বিভিন্ন ফসলের লক্ষ্যমাত্রা ও অর্জন নিম্নোক্ত তথ্য মোতাবেক উপস্থাপন করেন | ১। চলতি মৌসুমে লক্ষ্যমাত্রা বিপরীতে অর্জিত ফসলের রোগ-বালাই দমনে কৃষকদের পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>২। রাসায়নিক সার ও কীটনাশকের দর স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার মনিটরিং অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার নীলফামারী সদর। |

| ক্রম | ফসলের নাম | লক্ষ্যমাত্রা (হেঃ) | অর্জন (হেঃ) |
|---|---|---|---|
| ০১ | রোপা আমন ধান | ২৮১০৭ | ২৮১০৭ |
| ০২ | পেঁয়াজ | ০৬ | ০৬ |
| ০৩ | শাকসবজি | ১৬০ | ১৬০ |
| ০৪ | আদা | ৪১০ | ৪১০ |
| ০৫ | হলুদ | ৩৯০ | ৩৯০ |
| ০৬ | আখ | ৫০ | ৫০ |
| ০৭ | কাঁচামরিচ | ৭০ | ৭০ |
| ০৮ | কলা | ৯০ | ৯০ |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০৩. উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা মৎস্য দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বার্ষিক কর্মসম্পাদন (এপিএ) চুক্তির আওতায় ১৪টি কর্মসম্পাদন সূচকের কার্যক্রম চলমান এবং বরাদ্দ প্রাপ্ত পোনা মাছ সরকারি জলাশয়ে অবমুক্ত করা হয়েছে। | মৎস্য চাষিদেরকে নিয়মিত পরামর্শ/প্রশিক্ষণ প্রদান করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নীলফামারী সদর। |

চলমান

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| **০৪. উপজেলা প্রানি সম্পদ বিভাগঃ** উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা জানান যে, উপজেলা প্রানিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, নীলফামারী সদর হতে জুলাই ২০২৪ মাসে ১২১৮০টি গবাদিপশুকে টিকা প্রদান করা হয়েছে। গবাদি পশু ২৩৯৮টি ও হাসমুরগি ১১৭৩৫টির চিকিৎসা প্রদান করা হয়েছে। হিমায়িত সিমেনদ্বারা ৩৩০টি এবং তরল সিমেনদ্বারা ৮১৬টি গবাদিপশুকে কৃত্রিম প্রজনন করা হয়েছে। এছাড়াও বেসরকারিভাবে ২টি গবাদি পশুর খামার স্থাপন করা হয়েছে।<br>তিনি আরও জানান যে, উপজেলা প্রানিসম্পদ অফিসের মাঠটি নিচু হওয়ায় বর্ষার পানি জমে থাকে। যার ফলে সেবা প্রত্যাশীসহ অফিসের কর্মকর্তা ও কর্মচারিদের সমস্যা হওয়ায় মাঠে মাটি ভরাট করা প্রয়োজন এবং বাউন্ডারী ওয়াল নিচু হওয়ায় রাত্রিকালীন অফিসের নিরাপত্তা বিঘ্নিত হওয়ার সম্ভবনা রয়েছে মর্মে তিনি বাউন্ডারী ওয়াল উঁচু করার জন্য উপজেলা পরিষদের নিকট আর্থিক বরাদ্দের প্রস্তাব পেশ করেন। সভায় বর্ণিত বিষয়ে সকলের মাঝে আলোচনা করা হয়। | ১। গবাদিপশু ও হাঁস-মুরগি পালনের উপর সাধারণ জনগণকে প্রশিক্ষণের মাধ্যমে উৎসাহ প্রদান করতে হবে।<br>২। উপজেলা প্রানিসম্পদ অফিসের মাঠে মাটি ভরাট ও বাউন্ডারী ওয়াল উঁচু করার জন্য উপজেলা প্রকৌশলী আগামী সভায় মতামত পেশ করবেন। | ১। উপজেলা প্রানিসম্পদ কর্মক<br>নীলফামারী সদর<br>২। উপজেলা প্রকৌশলী,<br>নীলফামারী সদর |
| **০৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় পরিবার পরিকল্পনা বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে কার্যক্রম চলমান রয়েছে। | মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে জনসাধারণকে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ, স্বাভাবিক প্রসবের বিষয়ে উৎসাহ প্রদান | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>নীলফামারী সদর |
| **০৬. উপজেলা প্রকৌশল বিভাগঃ** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, গত ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভায় গত ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের অর্থায়নে ৩২টি পিআইসি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। তন্মধ্যে ৩২নং পিআইসি বাদে ১ হতে ৩১নং পিআইসি বাস্তবায়ন হয়েছে। কিন্তু সময় স্বল্পতার কারনে ৩০/০৬/২০২৪ তারিখের পূর্বে ০৯টি পিআইসির বিল পরিশোধ করা হয়নি। তিনি অবশিষ্ট ৯টি পিআইসির বিল চলতি অর্থ বছরে পরিশোধের প্রস্তাব পেশ করেন। চলতি অর্থ বছরে রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয়, উপজেলা পরিষদের পানির পাম্প বিকল হওয়ায় রক্ষণাবেক্ষণ/মেরামত করার তিনি সভায় প্রস্তাব পেশ করেন। এছাড়াও উপজেলা পরিষদের অসম্পূর্ণ বাউন্ডারী ওয়াল সম্পূর্ণকরণ ও কাটাতারের বেড়া প্রদান, উপজেলা পরিষদের আবাসিক ভবন নির্মাণ এবং উপজেলা পরিষদের গেইট নির্মাণের প্রশাসনিক অনুমোদনের জন্য প্রকল্প প্রস্তাব স্থানীয় বিভাগে প্রেরণের লক্ষ্যে তিনি প্রস্তাব পেশ করেন।<br>তিনি আরও জানান যে, উপজেলা পরিষদ চত্বরে উপজেলা আইসিটি ট্রেনিং অ্যান্ড রিসোর্স সেন্টার ফর ইডুকেশন (UITRCE Phase-2) এর আওতায় ভবন নির্মাণের নির্বাচিত স্থানে ১১টি জীবিত মেহগনি গাছ বন বিভাগ কর্তৃক নির্ধারিত ৮২,৯৫৬.৫০(বিরাশি হাজার নয়শত ছাপান্ন টাকা ষাট পয়সা) এর সর্বোচ্চ দর প্রাপ্তি নিশ্চিতপূর্বক এ সংক্রান্ত বিধি-বিধান/নির্দেশনা ও পিপিআর,২০০৮ যথাযথভাবে অনুসরণপূর্বক নিলামে বিক্রয়ের জন্য স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর ১৬ জুলাই ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.০২৬.১২.৪৪৬নং স্মারকে প্রশাসনিক অনুমোদন প্রদান করেছেন। উক্ত নিলামে বিক্রয়ের জন্য তিনি পরিষদের সম্মতির জন্য প্রস্তাব পেশ করেন। | ১। ২০২৩-২৪ অর্থ বছরে অনুমোদিত ৩২টি পিআইসির মধ্যে ৯টি পিআইসির অপরিশোধিত বিল চলতি অর্থ বছরে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। রাজস্ব তহবিলের অর্থায়নে যথাযথভাবে উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। রাজস্ব তহবিলের অর্থায়নে যথাযথভাবে উপজেলা পরিষদের পানির পাম্প রক্ষনাবেক্ষণ/মেরামত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>৪। উপজেলা পরিষদের অসম্পূর্ণ বাউন্ডারী ওয়াল ও কাটাতারের বেড়া স্থাপন, উপজেলা পরিষদের আবাসিক ভবন নির্মাণ এবং উপজেলা পরিষদের গেট নির্মাণের প্রাক্কলন প্রস্তুতপূর্বক স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী<br>নীলফামারী সদর। |
| **০৭. উপজেলা সমাজসেবা বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে সকল প্রকার ভাতা যথা সময়ে বিতরণের কার্যক্রম সম্পন্ন হয়েছে। | সকল প্রকার ভাতা নিয়মিত যথাসময়ে বিতরণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার<br>নীলফামারী সদর। |
| **০৮. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | বেকার যুবকদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর |
| **০৯. মহিলা বিষয়ক অধিদপ্তরঃ** উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, "জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ"কর্মসূচির আওতায় ০৫টি ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। "কিশোর-কিশোরীক্লাব স্থাপন প্রকল্প" এর আওতায় ক্লাবসমূহ পরিদর্শন কার্যক্রম চলমান। স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে ২০২৩-২০২৪ অর্থবছরে অনুদানের আবেদন মহিলা বিষয়ক অধিদপ্তর, সদর কার্যালয় ঢাকায় প্রেরণ করা হয়েছে। বাল্যবিবাহ, মানবপাচার ও কর্মস্থলে যৌন হয়রানি নিরোধে উঠান বৈঠক ও আলোচনা সভা কার্যক্রম চলমান। | চলমান কার্যক্রমসমূহ যথানিয়মে সম্পন্ন করতে হবে। | উপপরিচালক/ প্রোগ্রাম অফিসার<br>মহিলা বিষয়ক অধিদপ্তর<br>নীলফামারী। |

চলমান

A

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| **১০. জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** উপসহকারী প্রকৌশলী জানান যে, চলমান ২০২৩-২০২৪ অর্থবছরে "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৫ম পর্যায়ে ৩৯০টি অগভীর নলকূপ স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। অনুমোদিত সরকারি প্রাথমিক বিদ্যালয় গুলোতে জিপিএস/এনএনজিপিএস/পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক নির্মাণ এবং টিএসপি স্থাপন কাজ চলমান। এছাড়াও দপ্তরের বাকী সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | চলমান কাজসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী ডিপিএইচই নীলফামারী সদর। |
| **১১. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলার ২০৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ০১টি পরীক্ষণ বিদ্যালয় রয়েছে। উক্ত বিদ্যালয়সমূহ নিয়মিত মনিটরিং করা হচ্ছে। তাছাড়া অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়সমূহের পাঠদান কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার নীলফামারী সদর |
| **১২. উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নাই। | সমবায় সমিতিতে শেয়ার বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা নীলফামারী সদর। |
| **১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন প্রক্রিয়া চলমান এবং অনলাইন এমপিও সুপারিশ প্রক্রিয়া চলমান। তিনি আরও জানান যে, বৈষম্য বিরোধী আন্দোলনের ফলে বর্তমানে শিক্ষা পরিবেশ বর্তমানে বিপর্যস্ত। শিক্ষা পরিবেশ ফিরিয়ে আনার জন্য তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | মাধ্যমিক পর্যায়ের শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়সমূহের পাঠদান কার্যক্রম নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নীলফামারী সদর। |
| **১৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, গত ২০২৩-২৪ অর্থ বছরের সকল প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| **১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, নীলফামারী সদর কর্তৃক ছয়টি প্রকল্প/ কর্মসূচি চলমান রয়েছে। | চলমান প্রকল্পসমূহের কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| **১৬. বন বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী। |
| **১৭. উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় নিম্নোক্তভাবে তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন।<br>(১) খাদ্যগুদামে বর্তমান মজুদঃ<br>চাল- ৭৬২৭.০০০ মেঃ টন, ধান- ৫০৪ মেঃ টন, গম- ৪৪৪.০০০ মেঃ টন<br>(২) সংগ্রহ কার্যক্রম ঃ বোরো চাল/ধান সংগ্রহ ২০২৪ চলমান।<br>(৩) বিলি/বিতরণ ঃ জিআর, ইপি,ওপি, ভিডব্লিউবি, ওএমএস, খাদ্যবান্ধব ও টিসিবি খাতে খাদ্যশস্য বিলি/বিতরণ চলছে।<br>(৪) বাজারদর ঃ<br>ধান - ৩১/- থেকে ৩২/- প্রতি কেজি দর<br>চাল - ৪৩/- থেকে ৪৪/ " " "<br>গম - ৪৮/- থেকে ৫০/- " " "<br>আটা - ৫৫/- থেকে ৫৮/- " " "<br>লবণ- ৩৫/- থেকে ৪০/- " " "<br>চিনি - ১৩৮/- থেকে ১৪০/- " " "<br>ডাল (মসুর)- ১১০/- থেকে ১৪০/- " " "<br>সয়াবিন তেল - ১৯০/- থেকে ১৯৫/- " " "<br>(৫) ওএমএস কার্যক্রম ঃ নীলফামারী পৌরসভার ৯ টি ওয়ার্ডে ওএমএস কার্যক্রমে শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন বাদে সপ্তাহে ৫ দিন সকাল ৯ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত দৈনিক ৫টি বিক্রয়কেন্দ্রে ১.০০০ মেঃ টন করে আটা ও ১.০০০ মেঃ টন করে চাল বিক্রয় কার্যক্রম জুলাই ২০২৪ হতে শুরু হয়েছে। প্রতি কেজি আটা ২৪/- (চব্বিশ) টাকা এবং প্রতি কেজি চাল ৩০/- (ত্রিশ) টাকা।<br>(৬) ভিডব্লিউবি কার্যক্রমঃ অদ্যাবধি ২০২৪-২০২৫ অর্থ বছরের ভিডব্লিউবি খাতে বরাদ্দ পাওয়া যায় নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সাধারণ/পুষ্টি চালের ডিও ইস্যু করা হবে। | ১। বোরো চাল/ ধান সংগ্রহ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>২। সকল প্রকার বিলি/ বিতরণ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নীলফামারী সদর। |

চলমান

A

| | | |
|---|---|---|
| (৭) **চাল/ধান সংগ্রহ/২০২৩-২০২৪ ঃ** বোরো ধান ও চাল সংগ্রহ/২০২৪ কার্যক্রম গত ০৭/০৫/২০২৪খ্রিঃ তারিখ হতে শুরু হয়েছে যা আগামী ৩১/০৮/২০২৪খ্রিঃ তারিখ সমাপ্ত হবে। নীলফামারী সদর উপজেলায় বোরো সংগ্রহ ২০২৪ মৌসুমে ১৩২১৩.২৯০ মেঃ টন বোরো সিদ্ধ চাল (অতিরিক্ত বরাদ্দসহ), ২৩৮৭.০০০ মেঃ টন বোরো ধান ও ৭৩৯.০০০ মেঃ টন আতপ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া যায়। বোরো সংগ্রহ ২০২৪ মৌসুমে নীলফামারী সদর উপজেলায় কৃষকের অ্যাপের মাধ্যমে ধান ক্রয় করা হচ্ছে। বরাদ্দ প্রাপ্ত ধানের মধ্যে ৫% জিংক সমৃদ্ধ ধান (ব্রি-৭৪) সংগ্রহ করার নির্দেশনা পাওয়া যায়। অদ্যাবধি প্রাপ্ত লক্ষ্যমাত্রার বিপরীতে সিদ্ধ চাল =১১৭৪৪.০৪০ মেঃ টন, আতপ চাল= ৬০০.৫৭০ মেঃ টন, বোরো ধান =২০৩১.০০০ মেঃ টন সংগ্রহ করা হয়েছে। সংগ্রহের সময়সীমা আগামী ৩১/০৮/২০২৪খ্রিঃ তারিখ পর্যন্ত নির্ধারন করা হয়েছে। সংগ্রহের অবশিষ্ট পরিমাণ সিদ্ধ চাল= ১৪৬৯.২৫০ মেঃ টন ও আতপ চাল= ১৩৮.৪৩০ মেঃ টন ও ধান=৩৫৬.০০০ মেঃ টন।<br>(৮) **টিসিবি ঃ** টিসিবি খাতে আগষ্ট ২০২৪ মাসে সারাদেশে ১ কোটি ভোক্তাকে ওএমএস খাতের চাল (ভোক্তা প্রতি মাসে ৫ কেজি) বিক্রয়ের নিমিত্ত বরাদ্দ পাওয়া গেছে। অত্র উপজেলার ১৫টি ইউনিয়ন ও নীলফামারী পৌরসভায় ১৮৫.৬৭০ মেঃ টন চালের ডিও ইস্যু পূর্বক চাল বিতরণ চলমান আছে।<br>(৯) **খাদ্যবান্ধব কর্মসূচীঃ** নীলফামারী সদর উপজেলায় ৩০৭১৩ জন হতদরিদ্র খাদ্য বান্ধব ভোক্তা রয়েছে। নীতিমালা অনুযায়ী আগামী সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর/২০২৪ মাসে উক্ত খাতে চাল বিক্রয় করা হবে। প্রতি কেজি চালের বিক্রয় মূল্য ১৫/- (পনেরো) টাকা। | | |
| **১৮. উপজেলা পরিসংখ্যান বিভাগঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি নিম্নোক্তভাবে তার দপ্তরের জুলাই-২০২৪ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন।<br>১৮.১। অর্থনৈতিক শুমারি ২০২৪ এর লিস্টিং কার্যক্রম সকল ইউনিয়নে সম্পন্ন হয়েছে।<br>১৮.২। আউশ ফসলের মূল্য ও উৎপাদন খরচ জরিপ প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৩। আউশ ফসলের পূর্বাভাস জরিপ প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৪। পাট ফসলের পূর্বাভাস জরিপ প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৫। উপজেলার প্রত্যেক ইউনিয়নে কৃষি মজুরির তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৬। এস.ভি.আর.এস প্রকল্পের আওতায় জনতাত্তিক বিভিন্ন ধরনের সূচক নির্ধারণের জন্য এ উপজেলার ৩টি নমুনা এলাকায় স্থানীয় রেজিস্ট্রার ও সুপারভাইজারগণের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে। | অর্থনৈতিক শুমারি ২০২৪ এর কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা নীলফামারী সদর। |
| **১৯. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, নীলফামারী সদর এর কার্যক্রম চলমান রয়েছে। | আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নীলফামারী সদর। |
| **২০. বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ** কার্যপত্র পাওযা যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ, নীলফামারী |
| **২১. আইসিটি বিভাগঃ** সহকারী প্রোগ্রামার জানান যে, সরকারি বিভিন্ন দপ্তরের ওয়েব পোর্টাল অদ্যাবধি হালনাগাদ করা হয়নি। তিনি সংশ্লিষ্ট সকলকে ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য অনুরোধ করেন। | উপজেলা পর্যায়ের সকল দপ্তর এবং ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা পর্যায়ের দপ্তর প্রধান সকল/ চেয়ারম্যান, ইউপি সকল নীলফামারী সদর |
| **২২. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (ক্ষুদ্রসেচ):** নীলফামারী সদর ইউনিট অফিস, বিএডিসি নীলফামারী এর কার্যক্রম চলমান রয়েছে। | কৃষকের চাহিদার প্রেক্ষিতে সেচ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপসহকার প্রকৌশলী বিএডিসি(ক্ষুদ্রসেচ) নীলফামারী সদর। |

চলমান

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| ...র্বাচন কমিশনঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার, নীলফামারী সদর |
| ২৪. উপজেলা পাট উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা জানান যে বিনামূলে বিতরণকৃত পাট বীজ হতে উৎপাদিত পাটের ফলন আশানুরুপ হয়েছে। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। পাট চাষে কৃষকগণকে উৎসাহিত করতে হবে। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| ২৫. উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়) কার্যপত্র পাওয়া যায়নি। তবে তথ্যসেবা কর্মকর্তা জানান যে, বরাদ্দ না থাকায় উঠান বৈঠক কার্যক্রম বন্ধ রয়েছে কিন্তু অন্যান্য সেবা প্রদান অব্যাহত আছে। | বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উঠান বৈঠক আয়োজন করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তথ্যকেন্দ্র, নীলফামারী সদর। |
| ২৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরের অর্থ হতে অতিরিক্ত বরাদ্দপ্রাপ্ত ১০(দশ) লক্ষ টাকায় প্রকল্প কার্যালয় কর্তৃক অনুমোদিত উপজেলার রামগনগর, কন্দুপকুর এবং চওড়া বড়গাছার রাস্তায় সোলার স্ট্রীট লাইট স্থাপন কাজ সম্পন্ন হওয়ায় ঠিকাদারী প্রতিষ্ঠান সাউদার্ন রিনিউএবল এনার্জী লিমিটেড এর অনুকূলে নিট ৮১৫৬১০/-তটাকা পরিশোধের জন্য অগ্রণী ব্যাংক পিএলসি, নীলফামারী শাখার চলতি হিসাব নং-০২০০০১৫৫৮৩৭২০ এ অর্থ প্রেরণ করে ৩০/০৬/২০২৪ তারিখ ৩৭৩৮ নং স্মারকে অবহিত করা হয়েছে। | রামগনগর, কন্দুপকুর ও চওড়া বড়গাছার রাস্তায় সোলার স্ট্রীট লাইট স্থাপন কাজের অর্থ ঠিকাদারী প্রতিষ্ঠান সাউদার্ন রিনিউএবল এনার্জী লিমিটেড এর অনুকূলে পরিশোধের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, নীলফামারী সদর, নীলফামারী। |

আলোচ্যসূচি বিবিধ ০১। উপজেলা পরিষদ রাজস্ব খাতের ব্যয় অনুমোদন।

সভায় জানানো হয় যে, ০৩ জুলাই হতে ২৭ আগস্ট ২০২৪ পর্যন্ত সময়ের নিম্নবর্ণিত ব্যয় করা হয়েছে। যা সভায় অনুমোদন প্রয়োজন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত খরচের ব্যয়োত্তর অনুমোদন করা হয়।

| রাজস্ব বিল নং | তারিখ | বিলের বর্ণনা | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১/২০২৪-২৫ | ২৫/৭/২০২৪ | উপজেলা পরিষদের অভ্যন্তরে নিরাপত্তা প্রহরীর গার্ডরুম এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাউন্ডারী ওয়াল মেরামত কাজের ৫০% অগ্রিম প্রদান | ২৮৫০০০.০০ |
| ০২/২০২৪-২৫ | ৩০/৭/২০২৪ | বৈষম্য বিরোধী কোটা আন্দোলনে নিহত ঢাকা কলেজের শিক্ষার্থী সবুজ আলী পরিবারকে উপজেলা পরিষদের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সহায়তা প্রদান। | ৩০০০০.০০ |
| ০৩/২০২৪-২৫ | ১৩/৮/২০২৪ | জনাব মোঃ আবুজার রহমান, নবনির্বাচিত উপজেলা পরিষদ চেয়ারম্যান এর জুলাই মাসের ২৯দিনের সম্মানী ও বাড়ি ভাড়া ভাতা প্রদান | ৪২০৯৬.০০ |
| ০৪/২০২৪-২৫ | ১৩/৮/২০২৪ | জনাব জ্যোতির্ময় রায়, নবনির্বাচিত উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর জুলাই মাসের ২৯দিনের সম্মানী ভাতা প্রদান | ২৫২৫৮.০০ |
| ০৫/২০২৪-২৫ | ১৩/৮/২০২৪ | জনাব সান্তনা চক্রবর্তী, নবনির্বাচিত উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এঁর জুলাই মাসের সম্মানী ভাতা প্রদান | ২৭০০০.০০ |
| ০৬/২০২৪-২৫ | ১৩/৮/২০২৪ | উপজেলা পরিষদের কাজ নাই মজুরি নাই ভিত্তিতে কর্মরত ১জন মালী ও ১জন সুইপারের জুলাই ২০২৪ মাসের মজুরি বিল প্রদান | ২৫০০০.০০ |
| ০৭/২০২৪-২৫ | ১৯/৮/২০২৪ | উপজেলা পরিষদের জুলাই ২০২৪ মাসের আপ্যায়ন ব্যয় | ৩০০০০.০০ |
| ০৮/২০২৪-২৫ | ১৯/৮/২০২৪ | উপজেলা পরিষদের জুলাই ২০২৪ মাসের আনুষঙ্গিক ব্যয় | ৫০০০.০০ |
| ০৯/২০২৪-২৫ | ১৯/৮/২০২৪ | উপজেলা পরিষদের পরিচ্ছন্নতা ব্যয় | ৪০০০০.০০ |
| ১০/২০২৪-২৫ | ১৯/৮/২০২৪ | ২০২৩-২৪ অর্থ বছরের বিল নং-৯৬ এর ভ্যাট, আয়কর ও সার্ভিস চার্জ বাবদ অবশিষ্ট ৪৫৬২/- টাকা সংশ্লিষ্ট খাতে জমাকরণ | ৪৫৬২.০০ |
| ১১/২০২৪-২৫ | ১৯/৮/২০২৪ | উপজেলা পরিষদের অভ্যন্তরে নিরাপত্তা প্রহরীর গার্ডরুম এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাউন্ডারী ওয়াল মেরামত কাজের চূড়ান্ত বিল প্রদান | ২৮৬৬১৯.০০ |

আলোচ্যসূচি বিবিধ ০২। উপজেলা পরিষদ জামে মসজিদ পরিচালনা কমিটি পুনর্গঠন।

সভায় আলোচনাকালে জানা যায় উপজেলা পরিষদ জামে মসজিদ পরিচালনা কমিটি বিগত ২০১৬ সালের মে মাসে গঠিত হয়। কমিটি গঠনের দীর্ঘ ৭(সাত) বছর পার হওয়ায় কনেক কর্মকর্তার বদলী, জনপ্রতিনিধি হিসেবে পদ হারানো, তৎকালীন চেম্বার অব কমার্স এর সভাপতি পদ হারানোর ফলে কমিটি পুনর্গঠন করা প্রয়োজন। সভায় উপস্থিত সকল সদস্যগণের মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত ২২ সদস্য বিশিষ্ট কমিটি পুনর্গঠন করা হয়।

| ক্রমিক নং | কর্মকর্তার পদবি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | কমিটিতে সদস্য পদ |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ০২ | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার | সদস্য |
| ০৪ | উপজেলা কৃষি অফিসার | সদস্য |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার | সদস্য |
| ০৬ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার | সদস্য |
| ০৭ | উপজেলা প্রকৌশলী | সদস্য |

চলমান

Scanned with CamScanner

| | | |
|---|---|---|
| ০৮ | অফিসার ইনচার্জ, নীলফামারী থানা | সদস্য |
| ০৯ | উপজেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ১১ | উপজেলা সমবায় অফিসার | সদস্য |
| ১২ | উপজেলা সমাজসেবা অফিসার | সদস্য |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন অফিসার | সদস্য |
| ১৪ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | সদস্য |
| ১৫ | উপজেলা নির্বাচন অফিসার | সদস্য |
| ১৬ | উপজেলা পরিসংখ্যান অফিসার | সদস্য |
| ১৭ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | সদস্য |
| ১৮ | প্রশাসনিক কর্মকর্তা, ইউ,এন,ও অফিস | সদস্য |
| ১৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ২০ | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য | সদস্য |
| ২১ | উপসহকারী প্রকৌশলী, বিএডিসি | সদস্য |
| ২২ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | সদস্য |
| ২৩ | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা | সদস্য |
| ২৪ | ঈমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ | সদস্য |
| ২৫ | জনাব মোঃ নুরন্নবী, জুম্মাপাড়া, নীলফামারী | সদস্য |
| ২৬ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | সদস্য সচিব |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০১/০৯/২৪

(মোঃ আশরাফুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

০১/৯/২৪

Scanned with CamScanner